

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-৩৭/২০০৯- ২৫৬

তারিখঃ ২৭.০৯.২০১৫ ইং।

**প্রজ্ঞাপন**


যেহেতু, ডাঃ আকলিমা আক্তার বানু, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), শিবচর, মাদারীপুর গত ০১/০৬/২০০৯ তারিখ হতে ০৭/০৬/২০০৯ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে ছুটি ভোগের পর কর্মস্থলে যোগদান না করে গত ০১/০৬/২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু তার অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং তিনি কারণ দর্শানো নোটিশের প্রাপ্তি স্বীকার করলেও জবাব প্রদান না করে ০১/০৬/২০০৯ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, গত ৩১/০৫/২০১৪ ইং তারিখে সরকারি চাকুরীতে তার অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে।

এক্ষণে, সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ আকলিমা আক্তার বানু, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), শিবচর, মাদারীপুর এর ক্ষেত্রে প্রযোজ্য হয়েছে। ডাঃ আকলিমা আক্তার বানুর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১/০৬/২০১৪ ইং তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-৩৭/২০০৯- ২৫৬/১(২)

তারিখঃ ২৭.০৯.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা।( প্রজ্ঞাপনটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। উপসচিব (পরিবার কল্যাণ-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, মাদারীপুর।
- ৬। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, মাদারীপুর।
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। ডাঃ আকলিমা আক্তার বানু, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), শিবচর, মাদারীপুর।  
স্থায়ী ঠিকানা- স্বামী-ডাঃ মজিবুর রহমান, বিএডিস রোড, কুষ্টিয়া। বর্তমান ঠিকানা- ১৬৫/এ উত্তর চাষাটা, নারায়নগঞ্জ, শাহজালাল হাসপাতাল।

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সহকারী সচিব